

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৮.(খন্ড-২).২২২

তারিখ : ২১.০৮.২০১৯ খ্রি:


বিষয় : মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৭৮৮৫/২০১৩ এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের আপিল নং-১৫৯৫/২০১৮ এর আদেশের প্রেক্ষিতে আইনগত মতামত প্রদান।

সূত্র: আলহাজ্ব ইউসুফ আব্দুল্লাহ হারুন, মাননীয় সংসদ সদস্য, ২৫১, কুমিল্লা-৩ এর ডি.ও পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আলহাজ্ব ইউসুফ আব্দুল্লাহ হারুন, মাননীয় সংসদ সদস্য, ২৫১ কুমিল্লা-৩ এর ডি.ও পত্রসহ মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৭৮৮৫/২০১৩ এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের আপিল নং-১৫৯৫/২০১৮ এর আদেশ এতদসঙ্গে প্রেরণ করা হলো। তিনি মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৭৮৮৫/২০১৩ এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের আপিল নং-১৫৯৫/২০১৮ এর আদেশের প্রেক্ষিতে কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার কোড়েরপাড় আদর্শ কলেজের ডিগ্রি স্তরের শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ ছাড়করণের জন্য অনুরোধ করেছেন।

২.০ এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৭৮৮৫/২০১৩ এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের আপিল নং-১৫৯৫/২০১৮ এর আদেশের প্রেক্ষিতে কোড়েরপাড় আদর্শ কলেজের ডিগ্রি স্তরের শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ ছাড়করণের বিষয়ে আগামী ১০ কর্ম দিবসের মধ্যে আইন উপদেষ্টার মতামতসহ প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে


২১/৮/২০১৯
(মো: কামরুল হাসান)
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই মেইল ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

০১. আলহাজ্ব ইউসুফ আব্দুল্লাহ হারুন, মাননীয় সংসদ সদস্য, ২৫১, কুমিল্লা-৩।

০২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৪. অধ্যক্ষ, কোড়েরপাড় আদর্শ কলেজ, মুরাদনগর, কুমিল্লা।

০৫. অফিস কপি।